



## STEPPING STONE SCHOOL (HIGH)

Worksheet-19

Class- III

Subject- 2<sup>nd</sup> language Bengali

Topic- Handwriting and spelling

Date- 12/06/20

Time limit- 30 minutes

'টুল্টুনি আর নাপিতের কথা' গল্পটির পরবর্তী অংশ নীচে দেওয়া হল। গল্পটি পড়বে তারপর দেখে দেখে একটি পৃষ্ঠায় হাতের লেখা করবে। যে সমস্ত শব্দের নীচে দাগ দেওয়া আছে তার বালান মুখ্য করবে এবং একটি পৃষ্ঠায় লিখবে। তারপর পৃষ্ঠাগুলি যন্ত করে ফাইলে রেখে দেবে।

তা শুনে ইঁদুর জিন্দ কেটে ক'নে হাত দিয়ে বললে, 'ওরে বাপৰে !  
আমি তা পাবব না।' তাতে টুন্টুনি রাগ করে বিড়ালের কাছে গিয়ে  
বললে, 'বিড়ালভাই, বিড়ালভাই, বাড়ি আছ ?'

বিড়াল বললে, 'কে ভাই ? টুন্টুনি ভাই ? এস ভাই ! বস ভাই ! থাট  
পেতে দি, ভাত বেড়ে দি, খাবে ভাই ?'



'ওরে বাপৰে ! আমি তা পাবব না !'

টুন্টুনি বললে, 'তবে ভাত খাই, যদি ইঁদুর মাঝ !'

বিড়াল বললে, 'এখন আমি ইঁদুর-টিদুর মাঝতে যেতে পাবব না, আমার  
বজ্জড ঘূম পেয়েছে।' শুনে টুন্টুনি রাগের ভরে লাঠির কাছে গিয়ে বললে,  
'লাঠিভাই, লাঠিভাই, বাড়ি আছ ?'

লাঠি বললে, 'কে ভাই ? টুন্টুনি ভাই ? এস ভাই ! বস ভাই ! থাট  
পেতে দি, ভাত বেড়ে দি, খাবে ভাই ?'

টুন্টুনি বললে, ‘তবে ভাত খাই, যদি বিড়ালকে ঠেঙাও।’

লাঠি বললে, ‘বিড়াল আমার কি করেছে যে আমি তাকে ঠেঙাতে  
যাব ? আমি তা পারব না।’ তখন টুন্টুনি আগুনের আচে গিয়ে বললে,  
‘আগুনভাই, আগুনভাই, বাড়ি আছ ?’



‘অত অজ খেতে পারব না, আমার পেট ফেটে দাবে।’ [পৃষ্ঠা ১০]

আগুন বললে, ‘কে ভাই ? টুন্টুনিভাই ? এস ভাই ! বস ভাই ! খাট  
পেতে দি, ভাত বেড়ে দি, খাবে ভাই ?’

টুন্টুনি বললে, ‘তবে ভাত খাই, যদি তুমি লাঠি পোড়াও।’

আগুন বললে, ‘আজ চের জিনিস পুড়িয়েড়ি, আজ আর কিছু পোড়াতে  
পারব না।’ তাতে টুন্টুনি তাকে থুব করে নকে, সাগরের কাছে গিয়ে বললে,  
‘সাগরভাই, সাগরভাই, বাড়ি আছ ?’